

চট্টগ্রাম সিটি কর্পোরেশন
সচিবালয় বিভাগ
সংস্থাপন শাখা
(www.ccc.gov.bd)

তারিখ : ০৬.০৪.২০২২

স্মারক নং : ৪৬.১১.১৬০০.০০১.৩১.০৪১.১৯.৩০১


“নিয়োগ বিজ্ঞপ্তি”

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের স্থানীয় সরকার বিভাগের স্মারক নং-৪৬.০০.০০০০.০৭১.১১.০০১.২০১২(অংশ-১).৭৮ তারিখঃ ২৬/০১/২০২০ এর নির্দেশনা মোতাবেক চট্টগ্রাম সিটি কর্পোরেশনের অনুমোদিত অর্গানোগ্রামভূক্ত নিম্নবর্ণিত শূন্য পদে জনবল নিয়োগের জন্য বাংলাদেশের স্থায়ী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে :

ক্রমিক নং	পদের নাম	বেতনক্রম ও গ্রেড	পদ সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
১	সহকারী প্রকৌশলী (পুর)	২২০০০-৫৩০৬০/- (গ্রেড -৯)	৬টি	(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে পুরকৌশলে অনূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএতে স্নাতক বা সমমানের ডিগ্রি;এবং (খ) বাংলাদেশ ইঞ্জিনিয়ারিং ইনস্টিটিউট এর সদস্য হইতে হইবে।

শর্তাবলী :-

- প্রার্থীদের বয়স ১৮ থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে। তবে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র/কন্যা এবং প্রতিবন্ধী প্রার্থীর ক্ষেত্রে বয়স হবে ৩২ বছর। বয়স প্রমাণের ক্ষেত্রে কোনক্রমেই এফিডেভিট গ্রহণযোগ্য নয়।
- আবেদন পত্রের সাথে সত্যায়িত সদ্য তোলা ৩(তিন) কপি পাসপোর্ট আকারের ছবি, জাতীয়তা সনদপত্র, অভিজ্ঞতা (প্রযোজ্য ক্ষেত্রে), শিক্ষাগত যোগ্যতা ও জাতীয় পরিচয়পত্রের ছায়ালিপি প্রথম শ্রেণির কর্মকর্তা কর্তৃক সত্যায়নপূর্বক সংযুক্ত করতে হবে।
- মেয়র, চট্টগ্রাম সিটি কর্পোরেশন বরাবরে ১০০০ (এক হাজার) টাকা মূল্যমানের পে-অর্ডার/ব্যাক ড্রাফট (অফেরৎযোগ্য) আবেদনের সাথে সংযুক্ত করতে হবে।
- প্রার্থী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র/কন্যা হলে এ সম্পর্কে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদের সত্যায়িত অনুলিপি আবেদনের সাথে সংযুক্ত করতে হবে।
- ক্রটিপূর্ণ বা অসম্পূর্ণ দরখাস্ত বাতিল বলে গণ্য হবে।
- প্রধান নির্বাহী কর্মকর্তা, চট্টগ্রাম সিটি কর্পোরেশন বরাবরে আবেদন করতে হবে।
- লিখিত পরীক্ষা ও সাক্ষাৎকার গ্রহণের জন্য কোন প্রকার টি,এ/ডি,এ দেয়া হবে না।
- আবেদনপত্রের সাথে যোগাযোগের নির্ভুল ঠিকানা সম্বলিত স্ট্যাম্পসহ “ফেরত খাম” দিতে হবে।
- সরকারী পরিপত্র অনুযায়ী বিভিন্ন কোটা সংরক্ষণ করা হবে।
- আবেদনপত্র আগামী ০৪.০৪.২০২২ তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের সচিবালয় বিভাগের সংস্থাপন শাখায় (৪র্থ তলায়) জমা দিতে হবে।


০৬/০৪/২০২২
প্রধান নির্বাহী কর্মকর্তা
চট্টগ্রাম সিটি কর্পোরেশন

অনুলিপি :- সদয় জ্ঞাতার্থে / জ্ঞাতার্থেঃ

- ১। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সচিব, চট্টগ্রাম সিটি কর্পোরেশন।
- ৩। একান্ত সচিব, মাননীয় মেয়র, চট্টগ্রাম সিটি কর্পোরেশন (মেয়র মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৪। আইটি অফিসার, চট্টগ্রাম সিটি কর্পোরেশন (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

অনুলিপিঃ কার্যার্থেঃ

- ১। জনসংযোগ কর্মকর্তা, চট্টগ্রাম সিটি কর্পোরেশন। উল্লিখিত বিজ্ঞপ্তিখানা জাতীয় ও স্থানীয় ৩টি বহুল প্রচারিত দৈনিক পত্রিকায় প্রচারের জন্য অনুরোধ করা হলো
- ২। অফিস কপি।